

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৩৫

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - যাকাত যাদের জন্য হালাল নয়

আরবী

وَعَنْ زِيَادِ بْنِ الْحَارِثِ الصُّدَائِيِّ قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَأَيْتُهُ فَذَكَرَ حَدِيثًا طَوِيلًا فَأَتَاهُ رَجُلٌ فَقَالَ: أَعْطِنِي مِنَ الصَّدَقَةِ. فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ لَمْ يَرْضِ بِحُكْمِ نَبِيٍّ وَلَا غَيْرِهِ فِي الصَّدَقَاتِ حَتَّى حَكَمَ فِيهَا هُوَ فَجَزَأَهَا ثَمَانِيَةً أَجْزَاءٍ فَإِنْ كُنْتَ مِنْ تِلْكَ الْأَجْزَاءِ أَعْطِيْتَكَ». رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

১৮৩৫-[১৫] যিয়াদ ইবনু হারিস আস সুদায়ী (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে গেলাম। তাঁর হাতে আমি বায়'আত গ্রহণ করলাম। এরপর যিয়াদ একটি বড় হাদিস বর্ণনা করতে গিয়ে বললেন, এক ব্যক্তি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে তাঁকে বলতে লাগলেন, আমাকে যাকাতের মাল থেকে কিছু দান করুন। তিনি বললেন, আল্লাহ যাকাত (বণ্টন করার ব্যাপারে কাকে দেয়া যাবে) তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বা অন্য কাউকে কোন হুকুম দিতে রাজী হননি, বরং তিনি নিজে তা আটভাগে ভাগ করেছেন। তুমি যদি এ (আট) ভাগের কোন ভাগে পড়ো আমি তোমাকেও যাকাত দিব। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য়েইফ : আবু দাউদ ১৬৩০, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩১২৬, ইরওয়া ৮৫৯, সিলসিলাহ্ আয্ য়েইফাহ্ ১৩২০। শায়খ আলবানী (রহঃ) বলেছেন, এর সানাদে রাবী 'আবদুর রহমান ইবনু যিয়াদ আল আফরিকী স্মৃতিশক্তিগত ক্রটির ফলে একজন দুর্বল রাবী যেমনটি ইমাম যাহাবী, ইবনু মাঝিন নাসায়ী এবং ইবনু হাজার (রহঃ) বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যাকাত গ্রহণ করতে পারে আট শ্রেণীর লোক, যাদের নাম আল কুরআনে বর্ণিত হয়েছে। সূরাহ্ আত্

তাওবাহ্ত'র ৬০ নং আয়াতে বর্ণিত হয়েছে।

আর এ হাদীস থেকে প্রমাণ হয় যে, যাকাত শুধু এক প্রকার লোকদের দিলে হবে না। বরং অন্য প্রকারের মধ্যেও বণ্টন করতে হবে। আর এটাই ইমাম শাফি'ঈর ও 'ইকরিমার মত। পক্ষান্তরে ইমাম আবু হানীফাহ, ইমাম মালিক ও ইমাম আহমাদ ইবনু হাস্বল এর মত যে, যাকাত যদি কোন এক শ্রেণীকে দেয়, তবে তা জায়িয হবে। এমনকি এক ব্যক্তিকে যদি দেয় তবুও জায়িয হবে। আর এ মত হলো হ্যায়ফাহ, ইবনু 'আবুস এবং 'উমারের। ইমাম শাফি'ঈর উক্তি হলে অন্য সম্প্রদায় খাকতে শুধু এক প্রকারের মধ্যে বণ্টন জায়িয নয়।

হাদিসের মান: যঙ্গিফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56395>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন